তোমার ভাইকে সাহায্য কর যালিম হোক বা মযলুম হোক।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ' হিসেবে বর্ণিত, "তোমার ভাইকে
সাহায্য করো, সে যালিম হোক বা মযলুম হোক।" তখন এক ব্যক্তি বলল, হে আল্লাহর রাসূল,
আমি তাকে সাহায্য করব যখন সে মযলুম হয়। কিন্তু সে যখন যালিম হয় তখন তাকে কীভাবে
সাহায্য করব বলে মনে করেন? তিনি বললেন, "তুমি তাকে বারণ বা বাধা দিবে; এটিই তাক
সাহায্য করার নামান্তর।"
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লালালাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমার ভাইকে সাহায্য করবে; তাকে লাঞ্ছিত করবে না- সে অত্যাচারী বা অত্যাচারিত যাই হোক। এক ব্যক্তি বললেন, নিপীড়িত ব্যক্তিকে সাহায্য করব তার ওপর নিপীড়ন ঠেকিয়ে; কিন্তু যে অন্যের ওপর পীড়ন চালিয়ে যুলুম করছে তাকে কিভাবে সাহায্য করব? নবী ছাল্লালালাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি তাকে অন্যের ওপর যুলুম করা থেকে বাধা দেবে। এটাই তাকে সাহায্য করার শামিল।

https://sunnah.global/hadeeth/bn/show/4236